**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 21-04-2024**
**Time: 08:00-08:15 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

**Headlines :**

**(১) পূর্ব ত্রিপুরা লোকসভা আসনের নির্বাচনে আজ থেকে জরুরী পরিসেবার সাথে যুক্তদের ভোটগ্রহণ শুরু হয়েছে ।**

**(২) দ্বিতীয় দফার নির্বাচনের প্রচার জমে উঠেছে ।**

**(৩) আজ মহাবীর জয়ন্তী । যথাযোগ্য মর্যাদায় দিনটি পালিত হচ্ছে ।**

**(৪) টিসিএ পরিচালিত মহিলাদের ঘরোয়া একদিনের সীমিত ওভারের ক্রিকেট প্রতিযোগিতায় এগিয়ে চলো সংঘ ফাইন্যালে উঠেছে।**

********************************

**East PC-RO Pressmeet:**

ধলাই জেলা শাসকের কনফারেন্স হলে আজ বিকেলে এক সাংবাদিক সম্মেলনে পূর্ব ত্রিপুরা লোকসভা কেন্দ্রের রিটার্নিং অফিসার সাজু ওয়াহিদ এ জানান পূর্ব ত্রিপুরা লোকসভা নির্বাচনকে কেন্দ্র করে পশ্চিম ত্রিপুরা থেকে যে সকল মাইক্রো অবজার্ভার পূর্ব ত্রিপুরায় এসেছেন তাদের প্রশিক্ষণ পর্ব আজ সম্পন্ন হয়েছে। প্রশিক্ষণ পর্বে উপস্থিত ছিলেন সাধারণ পর্যবেক্ষক ভাস্কর কাটামেনেনি সহ অন্যান্য আধিকারিকরা। পাশাপাশি তিনি বলেন জরুরী পরিষেবার সাথে যারা যুক্ত তাদের ভোট গ্রহণ পর্ব আমবাসা পঞ্চায়েত রাজ ট্রেনিং ইনস্টিটিউটে আজ থেকে শুরু হয়েছে, চলবে আগামী মঙ্গলবার পর্যন্ত। আগামীকাল ও আগামী মঙ্গলবার পোস্টাল ব্যালট এ ভোট গ্রহণ পর্ব অনুষ্ঠিত হবে পূর্ব ত্রিপুরা লোকসভা কেন্দ্রের জন্য। তাছাড়া তিনি বলেন যদি কোন রাজনৈতিক দলের তরফ থেকে কোন

অভিযোগ জমা পড়ে তবে দ্রুততার সাথে সেগুলি দেখা হবে এই সময়ের মধ্যে যে অভিযোগগুলি জমা পড়েছিল তার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে আগামী দিনগুলিতেও তা অব্যাহত থাকবে। আজ সাংবাদিক সম্মেলনে জেলা শাসকের সাথে উপস্থিত ছিলেন জেলার অতিরিক্ত জেলা শাসক বিবেক এইচ বি ও জেলা তথ্য ও সংস্কৃতি দপ্তরের সহ অধিকর্তা চন্দন সরকার।

*****************

**Training of Micro-Observers:**

আসন্ন অষ্টাদশ লোকসভা নির্বাচনকে সামনে রেখে আজ কৈলাশহর সার্কিট হাউসের কনফারেন্স হলে মাইক্রো-অবজারভারদের প্রয়োজনীয় প্রশিক্ষণ কর্মসূচি অনুষ্ঠিত হয়। আজ সর্বমোট ২১৬ জন মাইক্রো-অবজারভার প্রশিক্ষণ কর্মসূচিতে অংশ নেন।

আজকের প্রশিক্ষণ কর্মসূচিতে উপস্থিত ছিলেন, ঊনকোটি জেলার জেলা নির্বাচন আধিকারিক তথা জেলা শাসক দিলীপ কুমার চাকমা, বরিষ্ঠ উপ-সমাহর্তা বিজয় সিনহা,উপ-সমাহর্তা সোমা দেব প্রমুখ।

*****************

**Election prepration meeting:**

পূর্ব ত্রিপুরা আসনে ভোট গ্রহণ পর্বকে সুষ্ঠু ভাবে সম্পন করার লক্ষে আজ অমরপুর মহকুমা শাসক অফিসের কনফারেন্স হলে গোমতী জেলা শাসক তথা জেলা নির্বাচনী আধিকারিক তড়িৎ কান্তি চাকমার পৌরহিত্যে এক পর্যালোচনা বৈঠক অনুষ্ঠিত হয় l এই বৈঠকে উপস্থিত ছিলেন ৪১ ওম্পী, ৪২ অমরপুর, ৪৩ করবুক বিধানসভা এলাকার এ আর ও গণ সহ সেক্টর অফিসার গণ l

*****************

**Voting of persons with emergency services:**

আজ পূর্ব ত্রিপুরা লোকসভা আসনের অন্তর্গত জোলাইবাড়ি বিধানসভা এলাকায় জরুরি পরিষেবার সঙ্গে যুক্ত ভোটারদের  ভোটগ্রহন শান্তিরবাজার দ্বাদশ স্কুলে, সাব্রুম ও মনু বিধানসভা এলাকার ভোটারদের সাব্রুম বয়েজ স্কুলে এবং ঋষ্যমুখ বিধানসভা কেন্দ্রের ভোট বিলোনিয়ার বিদ্যাপীঠ স্কুলে অনুষ্ঠিত হয়।

*****************

**CM PUBLICITY:**

পানিসাগর মহাকুমার উপ্তাখালি তহশিল কাছারি মাঠে আজ ভারতীয় জনতা পার্টির উদ্যোগে এক জনসভায় উপস্থিত ছিলেন রাজ্যের মুখ্যমন্ত্রী অধ্যাপক ডক্টর মানিক সাহা, সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা  দপ্তরের মন্ত্রী টিঙ্কু রায়, ভারতীয় জনতা পার্টি রাজ্য সভাপতি রাজীব ভট্টাচার্য সহ দলীয় কর্মকর্তারা। পূর্ব ত্রিপুরার লোকসভা আসনের বিজেপি দলের প্রার্থী কৃতি দেবী দেববর্মার সমর্থনে  মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা তাঁর ভাষণে রাজ্যের কি কি উন্নয়ন হয়েছে এবং উন্নয়নের পথে এগিয়ে যাচ্ছে সে সমস্ত বিষয়বস্তু তুলে ধরেন।

*****************

**CM-Kamalpur:**

এদিকে, কমলপুর মরাছড়া স্কুল মাঠে আজ অনুষ্ঠিত সুরমা বিধানসভা ভিত্তিক বিজয় সংকল্প সমাবেশে মুখ্যমন্ত্রী বলেন, এই নির্বাচন অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি নির্বাচন। আগামী দিনে এই দেশ কোন পথে যাবে তা ঠিক করবে এই নির্বাচন।

*****************

**CPI(M)-Manik Sarkar:**

পূর্ব ত্রিপুরা উপজাতি সংরক্ষিত লোকসভা আসনে ইন্ডিয়া জোট সমর্থিত সিপিআই(এম) মনোনীত প্রার্থী রাজেন্দ্র রিয়াংয়ের সমর্থনে আজ আমবাসা বাজারে অনুষ্ঠিত হয় প্রকাশ্য সমাবেশ। সভায় প্রাক্তন মুখ্যমন্ত্রী তথা

সিপিআই(এম) পলিটব্যুরোর সদস্য মানিক সরকার তাঁর ভাষণে বেকারদের কর্ম সংস্থানে কেন্দ্র ও রাজ্য সরকারের কোন পরিকল্পনা নেই বলে অভিযোগ করেন। মানুষের ক্রয় ক্ষমতা হ্রাস পেয়েছে বলে শ্রী সরকার অভিযোগ করেন। সমাবেশে বাম নেতৃত্ববৃন্দও বক্তব্য রাখেন।

*****************

**BJP Meeting:**

B.J.P'র উদ্দোগে আজ বিকালে ঊনকোটি জেলার ফটিকরায় বিধানসভা কেন্দ্রের অধীন কাঞ্চনবাড়িতে এক নির্বাচনী জনসভা অনুষ্ঠিত হয়।

এখানে প্রধান বক্তার ভাষনে রাজ্যের প্রাক্তন মুখ্যমন্ত্রী তথা সাংসদ বিপ্লব কুমার দেব কংগ্রেস ও সি,পি,আই(এম) এর মধ্যে নির্বাচনী সমঝোতার তীব্র সমালোচনা করেন তিনি।

জনসভায় বক্তব্য রাখেন, মৎস্যমন্ত্রী সুধাংশু দাস, বিধায়ক যাদব লাল নাথ প্রমুখ।

*****************

**I.N.D.I.A Bloc's:**

I.N.D.I.A জোটের উদ্যোগে আজ বিকালে ঊনকোটি জেলার কুমারঘাটের ভগৎ সিং চৌমুহনীতে এক নির্বাচনী সভা অনুষ্ঠিত হয়।

এখানে প্রধান বক্তার ভাষনে C.P.I(M) রাজ্য সম্পাদক তথা রাজ্য বিধানসভার বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী কেন্দ্র ও রাজ্য সরকারের নীতি ও কাজকর্মের সমালোচনা করেন।

সভায় বক্তব্য রাখেন , কংগ্রেস বিধায়ক সুদীপ রায়বর্মণ ও বীরজিৎ সিংহ, রাজ্যের প্রাক্তন শিক্ষামন্ত্রী তপন চক্রবর্তী, T.P.P 'র রাজ্য সম্পাদক প্রবীন সিনহা,C.P.I নেতা নীলমণি দেব, ফরোয়ার্ড ব্লক নেতা পরেশ সরকার প্রমুখ।

*****************

**India Block Camping:**

পূর্ব ত্রিপুরা লোকসভা আসনের ইন্ডিয়া জোটের প্রার্থী রাজেন্দ্র রিয়াং- র সমর্থনে আজ জোলাইবাড়ি বিধানসভার ২০ নম্বর বুথ এলাকায় বাড়ি বাড়ি প্রচার করলেন ইন্ডিয়া ব্লকের বাম- কংগ্রেস নেতা - কর্মীরা। বুথ এলাকার সুজাও মগ পাড়া,  মথু মগ পাড়া, মংশী মগ পাড়া, অঞ্রুজু মগ পাড়া, অভিন্দ্র পাড়া ও

নারদ পাড়ায় প্রচারে দারুন সাড়া মিলেছে বলে জানান সিপিআইএম কোয়াইফাং অঞ্চল সম্পাদক বর্ধিরাম রিয়াং।

*****************

**Congress:**

কংগ্রেসের কেন্দ্রীয় নির্বাচন কমিটির এক সভা আজ নতুনদিল্লীতে অনুষ্ঠিত হয়। সভায় চলতি লোকসভা নির্বাচনের বিভিন্ন দিক নিয়ে আলোচনা হয়। সভায় কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়গে, কংগ্রেসের সংসদীয় কমিটির চেয়ারপার্সন সোনিয়া গান্ধী এবং অন্যান্য নেতৃত্ব উপস্থিত ছিলেন। পাঞ্জাবের কংগ্রেস নেতৃত্বও সভায় অংশ নেন।

*****************

**Governor:**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু বলেছেন, রাবারের ব্যবহার স্থানীয়দের শেখাতে পারলে এই শিল্পে রাজ্যবাসীর আর্থিক উন্নয়ন হবে। আজ রাজভবনে world creativity and innovation day উদযাপন অনুষ্ঠানে রাজ্যপাল আরও বলেন, কৃষিক্ষেত্রে কিভাবে অত্যাধুনিক মেশিন ব্যবহার করে অল্প জমিতে বেশি ফসল উৎপাদন করা যায় তা নিয়ে সংশ্লিষ্ট দপ্তরগুলিকে ভাবতে হবে। উপস্থিত ছিলেন কৃষি, শিল্প দপ্তরের আধিকারিকরা।

*****************

**Electricity:**

সম্প্রতি ঝড়ের কারণে রাজ্যের বেশ কিছু এলাকায় বিদ্যুতের তার, খুঁটি এবং ট্রান্সফরমারের ব্যপক ক্ষতি হয়েছে। বিদ্যুৎ কর্মীরা নিরন্তর প্রচেষ্টা চালিয়ে বেশিরভাগ জায়গায় পরিস্থিতি স্বাভাবিক করে এনেছেন। কয়েকটি জায়গায় এখনো পরিষেবা চালু করা যায়নি। শীঘ্রই তাও চালু হয়ে যাবে ।

বিদ্যুৎমন্ত্রী রতনলাল নাথ বিদ্যুতের পরিষেবা সংক্রান্ত পরিস্থিতি পর্যালোচনা করতে আজ আগরতলায় বিদ্যুৎ নিগমের কার্যালয়ে ভিডিও কনফারেন্সের মাধ্যমে রাজ্যের বিভিন্ন স্থানে পরিষেবার দায়িত্বে থাকা আধিকারিক, নিগমের এডিশনাল জেনারেল ম্যানেজার এবং ডেপুটি জেনারেল ম্যানেজার পর্যায়ের আধিকারিকদের সঙ্গে এবিষয়ে আলোচনা হয়।

*****************

**Mahaveer Jayanti:**

আজ মহাবীর জয়ন্তী। রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, উপরাষ্ট্রপতি জগদীপ ধনকর এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মহাবীর জয়ন্তী উপলক্ষে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। এক বার্তায় রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু ভগবান মহাবীরের শিক্ষা গ্রহণ করতে নাগরিকদের প্রতি আহ্বান জানিয়েছেন। উপরাষ্ট্রপতি জগদীপ ধনকর বলেন ভগবান মহাবীর শান্তিপূর্ণ, সৌহার্দ্যময় এবং সমৃদ্ধশালী সমাজ গঠনের পথ দেখিয়ে গেছেন। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেন ভগবান মহাবীরের শিক্ষা উন্নত ভারত গঠনের অন্যতম অনুপ্রেরণা।

*****************

**PM:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, দ্বন্দ্ব অবসানে বিশ্ব শান্তি নিশ্চিত করার ক্ষেত্রে বর্তমানে ভারতের দিকে তাকিয়ে রয়েছেন সারা পৃথিবী। শ্রী মোদী বলেন, ক্রমবর্ধমান ক্ষমতা, বিদেশ নীতি এবং সংস্কৃতির জন্য ভারতের এই নতুন ভূমিকা অর্জিত হয়েছে। মহাবীর জয়ন্তী উপলক্ষে নতুনদিল্লির ভারত মন্ডপমে ২৫৫০ তম ভগবান মহাবীর নির্বাণ মহোৎসবের সূচনা করে প্রধানমন্ত্রী বক্তব্য রাখছিলেন। প্রধানমন্ত্রী বলেন, এই বিভক্ত বিশ্বে ভারত এখন বিশ্ববন্ধু হিসেবে পরিচিতি পেয়েছে। ভগবান মহাবীরের মূল্যবোধের

প্রতি যুবকদের উৎসর্গ ও দায়বদ্ধতা প্রমাণিত করে দেশ সঠিক পথে চালিত হচ্ছে।

*****************

**Jain utsav:**

রাজ্যেও আজ পালিত হয়েছে মহাবীর জয়ন্তী। আগরতলায় প্যালেস কম্পাউন্ডে মহাবীর রিলিজিয়াস ট্রাস্টের উদ্যোগে এই জয়ন্তী উৎসব পালন করা হয়। ট্রাস্টের চেয়ারম্যান তরুন কুমার জৈন জানান, এবছর ভগবান মহাবীরের জন্মজয়ন্তী পালন করা হচ্ছে। শান্তি- সম্প্রীতির আহ্বানে এদিনটি সারা বিশ্বের সঙ্গে ত্রিপুরায়ও পালিত হয় বলে তিনি জানান। এদিন, জৈন ধর্মাবলম্বীরা পূজার্চনা ভজন কীর্তন এবং মহাবীরের বিভিন্ন নীতি কথা স্মরণের মাধ্যমে দিনটি উদযাপন করেন।

*****************

**Death of journalist:**

রাজ্যের বিশিষ্ট সাংবাদিক দুলাল চক্রবর্তী আজ সকালে আগরতলায় নিজ বাড়িতে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। মৃত্যু কালে তাঁর বয়স হয়েছিল ৭১ বছর। সংবাদ মাধ্যম এবং বিভিন্ন সংগঠনের পক্ষ থেকে তাঁর মৃত্যুতে শোক জানানো হয়। তাঁর বাড়িতে গিয়ে শোক জ্ঞাপন করেন কর্পোরেটার রত্না দত্ত। পরে তাঁর মৃতদেহ আগরতলা প্রেস ক্লাবে আনা হলে সাংবাদিকরা শেষ শ্রদ্ধা জানান।

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডক্টর মানিক সাহা সাংবাদিক দুলাল চক্রবর্তীর প্রয়াণে গভীর শোক প্রকাশ করেছেন। তাঁর আকস্মিক প্রয়াণে মুখ্যমন্ত্রী মর্মাহত। এক বার্তায় মুখ্যমন্ত্রী তাঁর বিদেহী আত্মার সদগতি কামনা করে শোকসন্তপ্ত পরিবার পরিজনদের সমবেদনা জানিয়েছেন।

আগরতলার মেয়র দীপক মজুমদার বটতলা মহাশ্মশানে প্রয়াত দুলাল চক্রবর্তীর প্রতি শেষ শ্রদ্ধা জানান।

*****************

**UGC:**

বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের জাতীয় যোগ্যতা নির্ণায়ক পরীক্ষা নাম নিবন্ধীকরনের প্রক্রিয়া শুরু করেছে ন্যাশনাল টেস্টিং এজেন্সি। এই নিবন্ধীকরন প্রক্রিয়া আগামী ১০ই মে পর্যন্ত চলবে। আগ্রহীরা সরকারী ওয়েবসাইটে প্রদত্ত লিঙ্কের মাধ্যমে নাম নিবন্ধীকরণ করতে পারবেন। পরীক্ষা হবে আগামী ১৬ই জুন।

*****************

**Dipak Majumdar:**

দুর্গা চৌহমনী এলাকায় গত ১৮ এপ্রিল ভয়াবহ অগ্নিকাণ্ডে বেশ কিছু দোকান ক্ষতিগ্রস্থ হয়। আগরতলা মেয়র দীপক মজুমদার আজ ক্ষতিগ্রস্ত এলাকা পরিদর্শন করেন। তিনি ক্ষতিগ্রস্থ ব্যবসায়ীদের সাথে কথা বলেন। পরে তিনি জানান, ক্ষতিগ্রস্থদের প্রাথমিক সাহায্য প্রদান করা হবে এবং আগামী দিনে তাদের ব্যবসার জন্য স্থায়ী মার্কেট স্টল করার বিষয়ে চিন্তা ভাবনা করা হবে। মেয়রের সঙ্গে দুর্গা চৌমুহনি বাজার ব্যবসায়ী সমিতির কর্মকর্তা সহ পুরনিগমের আধিকারিকরা উপস্থিত ছিলেন।

*****************

**Weather:**

আগামীকাল আকাশ আংশিক মেঘাছন্ন থাকবে। দুয়েক জায়গায় বজ্র বিদ্যুত সহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। তাপমাত্রা সর্বোচ্চ ছত্রিশ ডিগ্রী এবং সর্বনিম্ন আঠাস ডিগ্রী সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল সাঁইত্রিশ দশমিক দুই ডিগ্রি সেলসিয়াস। সর্বনিম্ন তাপমাত্রা সাতাশ দশমিক তিন ডিগ্রী সেলসিয়াস। আগামী চব্বিশ ঘণ্টায় রাজ্যের সব জেলায় বিক্ষিপ্ত ভাবে বজ্র বিদ্যুত সহ বৃষ্টি সঙ্গে ঘন্টায় চল্লিশ থেকে পঞ্চাশ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া বয়ে যাওয়ার সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আগামী পাঁচ ছয় দিন রাজ্যে গরম এবং বাতাসে আর্দ্রতার পরিমাণ বেশি থাকবে বলে জানিয়েছে আবহাওয়া দপ্তর।

*****************

**Women Cricket:**

টিসিএ পরিচালিত মহিলাদের ঘরোয়া একদিনের সীমিত ওভারের ক্রিকেট প্রতিযোগিতায় এগিয়ে চলো সংঘ ফাইন্যালে উঠেছে। তালতলা মাঠে অনুষ্ঠিত আসরের প্রথম সেমিফাইনালে এগিয়ে চলো সংঘ ৪ উইকেটে ব্লাডমাউথ ক্লাবকে পরাজিত করে। আগামীকাল আসরের দ্বিতীয় সেমিফাইনালে মেলাঘর মাঠে জুটমিল কোচিং সেন্টার খেলবে এডি নগর কোচিং সেন্টারের বিরুদ্ধে। আসরের ফাইনাল খেলা আগামী ২৪ এপ্রিল হবে।

*****************

*****************